

বাংলা (BENGALI)
৩০৩ (303)
শিক্ষককৃত মূল্যায়ন পত্র
Tutor Marked Assignment

পূর্ণমান : 20

[দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমান - এর নির্দেশক]

নির্দেশিকা : ক) প্রতিটি প্রশ্ন আবশ্যিক।

খ) উত্তরপত্রের প্রথম পৃষ্ঠার উপরের দিকে নিজের নাম, তালিকাভুক্তি

সংখ্যা (এনরোলমেন্ট নম্বর), পাঠ্যকেন্দ্রের (AI) নাম ও বিষয় স্পষ্টভাবে লিখুন।

1. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (40 - 60 শব্দের মধ্যে লিখতে হবে)। (2)

a) কত সালে গ্যালিলিও জন্মগ্রহণ করেছিলেন? কত সালে বিশ্ববিদ্যালয় ভর্তি হয়েছিলেন? (1+1)
(পাঠ ০৭ দেখুন)

b) ‘এখানে এই মেঘ-রৌদ্রের যাওয়া আসা ব্যাপারটা যে কতটা গুরুতর’ – এই বাক্যাংশটির তাৎপর্য
নিজের ভাষায় ব্যাখ্যা করুন। (পাঠ ০৯ দেখুন)

2. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (40 - 60 শব্দের মধ্যে লিখতে হবে)। (2)

a) ‘চন্দ্রচূড়-জটাজালে আছিল যেমতি
জাহ্নবী, ভারত রস ঋষি দ্বৈপায়ন’
পঙক্তি দুয়ের মূল বিষয়বস্তু সংক্ষেপে লিখুন। (পাঠ ০৪ দেখুন)

b) ‘এই পৃথিবীতে এক স্থান আছে’ কবিতাটিতে মোট কতগুলি নদীর নাম উল্লেখ করা হয়েছে যা
জানিয়ে নামগুলি লিখুন। (1+1)
(পাঠ 16 দেখুন)

3. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (40 - 60 শব্দের মধ্যে লিখতে হবে) । (2)

a) ‘নীলকণ্ঠ’ নাটকে ব্যবহৃত ভাষা কি ধরনের বলে উল্লেখ করা হয়েছে? (পাঠ 24 দেখুন)

b) “এই ছেলেগুলো ভারী পাজি” - কোন ছেলেগুলোর কথা উল্লেখ করা হয়েছে ? তাদের বয়স কেমন ছিল তা নাটক থেকে তথ্য সংগ্রহ করে লিখুন। (1+1)

(পাঠ 24 দেখুন)

4. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর 100 - 150 শব্দের মধ্যে লিখতে হবে) । (4)

a) i) किसान सिंह कत साले गोबि मरुभूमि ते पौँछे छिलेन?

ii) प्राचीन मुनि ऋषि रा कोथाय परमार्थे साधनाय घुरे बेड़िये छिलेन? (2+2)

(पाठ 33A देखून)

b) i) गणज्ञापन की?

ii) দুটি গণমাধ্যমের নাম লিখুন- এই উক্তিটির ব্যাখ্যা কর। (2+2)

(পাঠ 33B দেখুন)

5. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর 100 - 150 শব্দের মধ্যে লিখতে হবে) । (4)

a) সংকর শব্দ বলতে কী বোঝায়? এই শব্দগুলি কিভাবে তৈরি হয় উদাহরণসহ বুঝিয়ে দিন। (2+2)

(পাঠ 12 দেখুন)

b) তৎসম শব্দ ও তদ্ভব শব্দের শব্দের মধ্যে দুটি পার্থক্য নিরূপণ করুন। (2+2)

(পাঠ 12 দেখুন)

6. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন । (6)

a) বিদ্যালয়ের গ্রন্থাগারে প্রয়োজনীয় কিছু বই আনার জন্য তালিকাসহ প্রধান শিক্ষক কিংবা শিক্ষিকাকে

উদ্দেশ্য করে একটি আবেদন পত্র লিখুন । (পাঠ 25 দেখুন)

b) নিম্নোক্ত প্রবন্ধটি পড়ে যেকোনো তিনটি প্রশ্নের যথাযথ উত্তর লিখুন।

(পাঠ 29 দেখুন)

রানী রাসমণি দরিদ্রের কন্যা। দরিদ্রের কন্যার নাম রানী ও অন্ধ পুত্রের নাম পদ্মলোচন বড়ই অসামঞ্জস্য উপমা সন্দেহ নেই। রানী জন্মকালে সোনার ঝিনুক, রূপার চামচ বা মহলের থলি নিয়ে জন্মগ্রহণ করেনি বটে, কিন্তু তাঁর ধন ও যশোভাগ্য ছিল এবং লগ্ন-চক্র যে বিশেষ শুভ ছিল সে কথা বলাই বাহুল্য। হরেকৃষ্ণ দাস (হারু ঘরামী) কোনো প্রকারে জাতীয় বৃত্তি কৃষি কার্য ও গৃহ নির্মাণ শিল্প কার্য করে জীবিকা নির্বাহ করতেন। তার বাড়িতে চারখানা মাত্র মাটির ঘর ছিল। হরেকৃষ্ণ দাসের পিতা জগমোহন দাস ও দরিদ্র ছিলেন তিনি ও বিশেষ কিছু সম্পত্তি রেখে যেতে পারেননি। ওই চারখানি ঘরের মধ্যে দুটি শোয়ার, একটি রান্নার ও অন্যটি গোশালা।

ক) রানী রাসমণির বাবার বাড়িতে মোট কতগুলি শোয়ার ঘর ছিল? (2)

খ) ঘরামী শব্দের অর্থ কি? এর বিপরীত শব্দ লিখুন। (1+1)

গ) “দরিদ্রের কন্যার নাম রানী ও অন্ধ পুত্রের নাম পদ্মলোচন বড়ই অসামঞ্জস্য...” - বাক্যাংশটির অর্থ নিজের ভাষায় বুঝিয়ে দিন। (2)

ঘ) আলোচ্য প্রবন্ধটি কার পারিবারিক পরিচয় বহন করছে তাঁর সম্পর্কে দুটি বাক্য লিখুন। (2)